গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী

এবং

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

## সূচিপত্র

উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

## উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ী ,নোয়াখালী বিগত ০৩ বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী চর্চার মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ, সমবায়কে আরো গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সেবা সহজে ও দ্রুত প্রদানের লক্ষ্যে এ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম শতভাগ ই-নথি সিস্টেমে সম্পন্ন করা, এ জেলায় উৎপাদনমুখী সমবায় সংগঠন তৈরী, সমবায় সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজন করতে সক্ষম হয়েছে। বিগত তিন অর্থ বছরে মোট ৪ টি সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ৮০ জন নতুন জনগোষ্ঠীকে সমবায় সংগঠনের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০১৯-২০২০ সনে ৫২ টি , ২০২০-২০২১ সনে ৫৩ টি এবং ২০২১-২০২২ সনে ৪৮ টি কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা কার্য সম্পন্ন করা হয়েছে। ৫১,৫০৫/- টাকা নিরীক্ষা ফি ও নিরীক্ষা ফি এর উপর ভ্যাট, ৫১৯/- টাকা নিবন্ধন ফি ও নিবন্ধন ফি এর উপর ভ্যাট এবং ১৩,৩৮৩/- টাকা সমবায় উন্নয়ন তহবিল(সিডিএফ) আদায় করে যথাযথভাবে পরিশোধ করা হয়েছে। এছাড়া টেকসই সমবায় গঠনের নিমিত্তে ৩০০ জন সমবায়ীকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ২৭ জন সমবায়ীকে বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিল্লায় ও আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, ফেনীতে এবং উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালীতে আয়বর্ধনমূলক (আইজিএ) উন্নত প্রশিক্ষণ প্রদান করে স্বাবলম্বী হিসাবে গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

একটি উন্নয়নশীল দেশের প্রেক্ষাপটে উপজেলা সমবায় দপ্তরের কাজ বাস্তবায়নে নানাবিধ সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবিলা করতে হয়। এই উপজেলায় নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা সমবায় বিভাগীয় (কেন্দ্রীয় ও বিআরডিবি ভুক্ত কেন্দ্রীয় সহ) ৮৮ টি । নানা শ্রেণী ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ সমবায় সমিতিগুলোকে নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সমিতির সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায় হিসাবে গড়ে তোলা বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ও ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি করা ও স্ব-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌঁছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- □ সমবায় সংগঠনের মাধ্যমে ৬৩ জনের আত্ন-কর্মসংস্থান সৃজন করা হবে;
- □ ১ টি মডেল সমবায় সমিতি সৃজন করা হবে;
- □ ১১৩ জনকে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হবে;
- □ সমবায়ের ভিত্তিতে পন্য উৎপাদন ও বাজারজাতকরণে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান করা হবে;
- □ বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক শতভাগ সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করা হবে;
- ২৬ টি সমবায় সমিতি পরিদর্শন এবং ৪৪ টি কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন করা হবে।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী

এবং

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী-এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ০২ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

টেকসই সমবায় টেকসই উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ

২. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন

৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সমবায় নীতিতে সমবায় বান্ধব কর্মকান্ডে উদ্বদ্ধকরন ও নিবন্ধন প্রদান;

২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;

৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ/উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;

৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা;

৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;

৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা;

৭. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠির ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;

৮. সমবায় পন্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা;

৯. অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিমালা,উন্নয়ন কর্মসূচী এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সমবায় অধিদপ্তরকে সহযোগিতা করা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজিত | সমবায় সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | জন (লক্ষ) | ০.০০০২৫ | ০.০০০২৭ | ০.০০০৪২ | ০.০০০৪৫ | ০.০০০৪৭ | সমবায় বিভাগ মৎস্য অধিদপ্তর এলজিইডি বিআরডিবি | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী এর মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| | সমবায় সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | জন (লক্ষ) | ০.০০০০৩ | ০.০০০০৪ | ০.০০০২১ | ০.০০০২৩ | ০.০০০২৫ | সমবায় বিভাগ মৎস্য অধিদপ্তর এলজিইডি বিআরডিবি | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী এর মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| সমবায়ীদের স্থানীয় চাহিদা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ আয়োজন নিশ্চিত করা। | ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত | জন | ১০০ | ১০০ | ৫০ | ১২৫ | ১৫০ | সমবায় বিভাগ মৎস্য অধিদপ্তর এলজিইডি বিআরডিবি | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী এর মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ | ২৫ | [১.১] তদারকি ও মানোন্নয়ন | [১.১.১] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা প্রনীত | তারিখ | তারিখ | ৩ | ০৫.০৫.২০ | ১৬.০৬.২১ | ০৭.০৮.২২ | ২৫.০৮.২২ | ৩০.০৮.২২ | ০৬.০৯.২২ | ১৩.০৯.২২ | ৩০.০৭.২৩ | ৩০.০৭.২৪ |
| | | | [১.১.২] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার প্রনীত | তারিখ | তারিখ | ২ | ১০.০৫.২০ | ০৩.০৬.২১ | ০৭.০৬.২২ | ২৫.০৮.২২ | ৩০.০৮.২২ | ০৬.০৯.২২ | ১৩.০৯.২২ | ৩০.০৭.২৩ | ৩০.০৭.২৪ |
| | | | [১.১.৩] মডেল সমবায় সমিতি সৃজন | সমষ্টি | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ০ | ০ | ০ | ০ | ১ | ১ |
| | | | [১.১.৪] নির্ধারিত ছকে বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন প্রনীত | তারিখ | তারিখ | ১ | ১২.০৭.২০ | ৩০.০৬.২১ | ০৭.০৮.২২ | ২৫.০৮.২২ | ৩০.০৮.২২ | ০৬.০৯.২২ | ১৩.০৯.২২ | ৩০.০৭.২৩ | ৩০.০৭.২৪ |
| | | [১.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [১.২.১] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | ক্রমপুঞ্জিভূত | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | ৯২ | ১০০ | ১০০ |
| | | | [১.২.২] সমবায় সমিতি পরিদর্শন সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩৬ | ২৬ | ২৬ | ২৩ | ২০ | ১৭ | ১৪ | ২৮ | ৩০ |
| | | | [১.২.৩] ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠিত | সমষ্টি | % | ১ | ১০০ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৯২ | ৯৫ |
| | | | [১.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তি নিশ্চিতকৃত | সমষ্টি | % | ১ | ৩৮ | ৪১ | ৫০ | ৪৮ | ৪৬ | ৪৪ | ৪২ | ৫৫ | ৬০ |
| | | | [১.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমবায় সমিতির এজিএম অনুষ্ঠিত/ ব্যবস্থা গ্রহণ | সমষ্টি | % | ১ | ১০০ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৯২ | ৯৫ |
| | | | [১.২.৬] নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও ব্যবস্থা গ্রহণ | সমষ্টি | সংখ্যা | ১ | ১০ | ১৩ | ২৬ | ২৪ | ২২ | ২০ | ১৮ | ২৮ | ৩০ |
| | | | [১.২.৭] নিরীক্ষা সংশোধনী প্রস্তাব দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | ১৩ | ২১ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ২৪ | ২৬ |
| | | [১.৩] রাজস্ব আদায় | [১.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | ৯২ | ১০০ | ১০০ |
| | | | [১.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | ৯২ | ১০০ | ১০০ |
| [২] উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন | ২৩ | [২.১] নিবন্ধন | [২.১.১] প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | জন(লক্ষ) | ৮ | ০.০০০৪০ | ০.০০০২০ | ০.০০০২০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০০০ | ০.০০০২০ | ০.০০০২০ |
| | | | [২.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তির হার | ক্রমপুঞ্জিভূত | % | ৮ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.২] সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত | [২.২.১] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | সমষ্টি | জন(লক্ষ) | ৪ | ০.০০০২৫ | ০.০০০২৭ | ০.০০০৪২ | ০.০০০৪০ | ০.০০০৩৮ | ০.০০০৩৬ | ০.০০০৩৪ | ০.০০০৪৫ | ০.০০০৪৭ |
| | | | [২.২.২] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | সমষ্টি | জন(লক্ষ) | ৩ | ০.০০০০৩ | ০.০০০০৪ | ০.০০০২১ | ০.০০০১৯ | ০.০০০১৭ | ০.০০০১৫ | ০.০০০১৩ | ০.০০০২৩ | ০.০০০২৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন | ২২ | [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | সমষ্টি | জন | ৮ | ১০০ | ১০০ | ১০০ | ৭৫ | ৫০ | ২৫ | ০ | ১২৫ | ১৫০ |
| | | [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | সমষ্টি | % | ৭ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | ৯২ | ১০০ | ১০০ |
| | | [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | সমষ্টি | % | ৭ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | ৯২ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী হিসাবে উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

........................................

উপজেলা সমবায় কর্মকর্তা
উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী

........................................

তারিখ

........................................

জেলা সমবায় কর্মকর্তা
জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী

........................................

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইজিএ | আয়বর্ধক কার্যক্রম/উদ্যোক্তা সৃজন |
| ২ | আসই | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট |
| ৩ | এজিএম | বার্ষিক সাধারণ সভা |
| ৪ | এনআইডি | জাতীয় পরিচয় পত্র |
| ৫ | এসডিজি | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা |
| ৬ | কার্যকর | পূর্ববর্তী বছরে লেনদেন সহ যাবতীয় কার্যক্রমে সচল থাকা সমিতি |
| ৭ | টিসিভি | টাইম কস্ট ভিজিট |
| ৮ | বিআরডিবি | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড |
| ৯ | বিসিএ/বাসএ | বাংলাদেশ সমবায় একাডেমি |
| ১০ | সিআইজি | কমন ইন্টারেস্ট গ্রুপ |
| ১১ | সিডিএফ | সমবায় উন্নয়ন তহবিল |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] তদারকি ও মানোন্নয়ন | [১.১.১] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা প্রনীত | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী। | উপজেলা সমবায় কার্যালয় কর্তৃক তার নির্দিষ্ট তারিখের মধ্যে প্রণীত অকার্যকর সমবায়ের তালিকা প্রণয়ন করবে (সমিতির নাম,রেজি: নং ও তারিখ, অকার্যকর হওয়ার তারিখ) |
| | [১.১.২] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার প্রনীত | উপজেলা সমবায় কার্যালয় সোনাইমুড়ী, নোয়াখালী | উপজেলা সমবায় কার্যালয় কর্তৃক তার নির্দিষ্ট তারিখের মধ্যে প্রণীত নির্বাচনী ক্যালেন্ডারের তালিকা প্রণয়ন করবে সমবায় সমিতির নাম, কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখ, ঘোষিত তফশীল মোতাবেক নির্বাচনের তারিখ,প্রযোগ্য ক্ষেত্রে অন্তর্বর্তী কমিটি গঠনের আদেশ নম্বর ও তারিখ। |
| | [১.১.৩] মডেল সমবায় সমিতি সৃজন | উপজেলা সমবায় কার্যালয় সোনাইমুড়ী, নোয়াখালী | যে সকল সমবায় সমিতিকে আদর্শ হিসেবে বিবেচিত করা হবে তার তালিকা (সমিতির নাম,নিবন্ধন নম্বর ও তারিখ,কিসের ভিত্তিতে মডেল হিসেবে বিবেচিত তার প্রমাণক) |
| | [১.১.৪] নির্ধারিত ছকে বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন প্রনীত | উপজেলা সমবায় কার্যালয় সোনাইমুড়ী, নোয়াখালী | উপজেলা সমবায় কার্যালয় কর্তৃক প্রণীত বার্ষিক পরিসংখ্যান উপজেলার প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন |
| [১.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [১.২.১] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ী ও জেলা সমবায় কার্যালয়,নোয়াখালী | সম্পাদিত নিরীক্ষা প্রতিবেদন |
| | [১.২.২] সমবায় সমিতি পরিদর্শন সম্পাদিত | উপজেলা সমবায় কার্যালয় সোনাইমুড়ী, নোয়াখালী | সম্পাদিত পরিদর্শন প্রতিবেদন |
| | [১.২.৩] ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠিত | উপজেলা সমবায় কার্যালয় সোনাইমুড়ী, নোয়াখালী | সাধারণ সভার নোটিশ,ঘোষিত তফসীল,সাধারণ সভার রেজুলেশন/ অন্তর্বর্তী কমিটি গঠনের আদেশের কপি,নব-নির্বাচিত কমিটির দায়িত্ব গ্রহণের রেজুলেশন |
| | [১.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তি নিশ্চিতকৃত | উপজেলা সমবায় কার্যালয় সোনাইমুড়ী, নোয়াখালী | অনিরীক্ষিত আর্থিক বিবরণীর ১০০% সমবায় বর্ষ সমাপ্তির তারিখ হইতে ৩০ দিনের মধ্যে সকল সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিত করা (জমা-খরচ হিসাব, লাভ-ক্ষতি হিসাব, লাভ-ক্ষতি বন্টন হিসাব, স্থিতিপত্র) |
| | [১.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমবায় সমিতির এজিএম অনুষ্ঠিত/ ব্যবস্থা গ্রহণ | উপজেলা সমবায় কার্যালয় সোনাইমুড়ী, নোয়াখালী | এজিএম অনুষ্ঠানের নোটিশ, অনুষ্ঠিত সভার রেজুলেশন ও হাজিরা শীট |
| | [১.২.৬] নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও ব্যবস্থা গ্রহণ | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ী ও জেলা সমবায় কার্যালয়,নোয়াখালী | সম্পাদিত নিরীক্ষা প্রতিবেদনের পর্যালোচনা প্রতিবেদন |
| | [১.২.৭] নিরীক্ষা সংশোধনী প্রস্তাব দাখিলকৃত | উপজেলা সমবায় কার্যালয় সোনাইমুড়ী, নোয়াখালী | নিরীক্ষা সংশোধনী প্রতিবেদন |
| [১.৩] রাজস্ব আদায় | [১.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী। | ধার্য তালিকা ও আদায়কৃত নিরীক্ষা ফি জমার চালানের কপি |
| | [১.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী। | ধার্য তালিকা ও আদায়কৃত সিডিএফ জমার রশিদের কপি |
| [২.১] নিবন্ধন | [২.১.১] প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থীর সংখ্যা | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী। | সভা আয়োজন কর্মসূচি, সভার হাজিরা শীট, বিভিন্ন অবস্থান থেকে নেয়া ছবি, প্রশিক্ষণের নোটিশ জারি করতে হবে |
| | [২.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তির হার | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী। | নিবন্ধন আবেদন প্রাপ্তি সূচীকরণ ও নিষ্পত্তি রেজিস্টার(আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, আবেদন গ্রহণের তারিখ, নিবন্ধন/প্রত্যাখ্যান, নিষ্পত্তির তারিখ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.২] সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজিত | [২.২.১] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী। | সমবায় সংগঠনের প্রত্যয়ন (আত্ন-কর্মসংস্হানসৃষ্ট সমবায়ীর নাম, ঠিকানা, কর্মের ধরণ, ঋণ প্রদানের পরিমান ও মোবাইল নম্বর |
| | [২.২.২] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ন-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী। | সমবায় সংগঠনের প্রত্যয়ন (আত্ন-কর্মসংস্হানসৃষ্ট সমবায়ীর নাম, ঠিকানা, কর্মের ধরণ, ঋণ প্রদানের পরিমান ও মোবাইল নম্বর |
| [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী। | প্রশিক্ষণের আমন্ত্রণপত্র/মনোনয়ন পত্র, ঠিকানাসহ অংশগ্রহণকারীদের নামের তালিকা |
| [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী | প্রশিক্ষণের আমন্ত্রণপত্র/মনোনয়ন পত্র, প্রেরিত প্রশিক্ষণার্থীর তালিকা |
| [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | উপজেলা সমবায় কার্যালয়, সোনাইমুড়ি, নোয়াখালী | উপজেলা হতে ক্যাটাগরীভিত্তিক প্রেরিত সমিতির নাম ও যাবতীয় তথ্যাদি (উপজেলা মনোনয়ন কমিটির রেজুলেশন) |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নোয়াখালী। | নিবন্ধিত সক্রিয় সমবায় সমূহের মধ্যে ১টি কেন্দ্রীয় সমবায় সমিতি বিআরডিবি'র আওতাভুক্ত। উক্ত সমবায় সমিতি সমূহের নিরীক্ষা যথাসময়ে সম্পাদনে বিআরডিবি কর্তৃপক্ষের সহযোগিতা প্রয়োজন। বিআরডিবিভুক্ত সমবায় সমিতি সমূহের নিরীক্ষা ৩১, ডিসেম্বর তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। |
| নিবন্ধন | নিবন্ধন আবেদন নিষ্পত্তির হার | বাংলাদেশ নির্বাচন কমিশন | আবেদনকারী সমবায়ীদের NID যাচাই অনলাইনে সম্পাদন হলে নিবন্ধন প্রক্রিয়া সহজ এবং স্বচ্ছ হবে। আবেদনকারী সমবায়ীদের NID যাচাই করার জন্য নির্বাচন কমিশনের ডাটাবেইজ-এ প্রবেশে সহায়তা। |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | মৎস্য অধিদপ্তর | মৎস্য ও অধিদপ্তরের আওতাধীন প্রকল্পভুক্ত ৩টি নিবন্ধিত সিবিজি(মৎস্য) সমবায় সমিতির অডিট সম্পাদনে সংশ্লিষ্ট দপ্তরের সহযোগিতা প্রয়োজন। সিবিজিভুক্ত সমবায় সমিতি সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | এলজিইডি | নিবন্ধিত সক্রিয় সমবায় সমূহের মধ্যে ১ টি পাবসস সমবায় সমিতি এলজিইডি'র আওতাভুক্ত। উক্ত সমবায় সমিতি সমূহের নিরীক্ষা যথাসময়ে সম্পাদনে এলজিইডি'র সহযোগিতা প্রয়োজন। এলজিইডি'র আওতাভুক্ত সমবায় সমিতি সমূহের নিরীক্ষা ৩০, সেপ্টেম্বর তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। |
| রাজস্ব আদায় | নিরীক্ষা ফি আদায়কৃত | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড নোয়াখালী | বিআরডিবি ভুক্ত সমবায় সমিতি সমূহের নিয়ন্ত্রক সংস্থা বিআরডিবি কর্তৃপক্ষ। উক্ত কর্তৃপক্ষের সমবায় সমিতি সমূহের উপর ধার্য্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল পরিশোধের দায়িত্ব বিআরডিবি কর্তৃপক্ষের। ধার্য্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল ৩০, জুন তারিখের মধ্যে পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। |
| রাজস্ব আদায় | সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড নোয়াখালী | বিআরডিবি ভুক্ত সমবায় সমিতি সমূহের নিয়ন্ত্রক সংস্থা বিআরডিবি কর্তৃপক্ষ। উক্ত কর্তৃপক্ষের সমবায় সমিতি সমূহের উপর ধার্য্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল পরিশোধের দায়িত্ব বিআরডিবি কর্তৃপক্ষের। ধার্য্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল ৩০, জুন তারিখের মধ্যে পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ